

আল-হাক্বাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ৪১

আরবি মূল আয়াত:

وَمَا هُوَ بِقَوْلِ شَاعِرٍ ۚ قَلِيلًا مَّا تُؤْمِنُونَ ﴿٤١﴾

অনুবাদসমূহ:

আর এটি কোন কবির কথা নয়। তোমরা কমই বিশ্বাস কর। — আল-বায়ান

তা কোন কবির কথা নয়, (কবির কথা তো) তোমরা বিশ্বাস করো না, — তাইসিরুল

ইহা কোন কবির রচনা নয়; তোমরা অল্পই বিশ্বাস কর। — মুজিবুর রহমান

And it is not the word of a poet; little do you believe. — Sahih International

৪১. আর এটা কোন কবির কথা নয়; তোমরা খুব অল্পই ঈমান পোষণ করে থাক,

-

তাফসীরে জাকারিয়া

(৪১) এটা কোন কবির কথা নয়; [১] (আফসোস যে,) তোমরা অল্পই বিশ্বাস কর।

[১] যা তোমরা মনে কর ও বলে থাক। কারণ, এই ধরনের কথা কবিতা হয় না এবং কবিতার সাথে এ বাণীর কোন সাদৃশ্যও নেই। অতএব তা কোন কবির কথা কিভাবে হতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5364>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন